



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ব্যয়কিং প্রসিডি ও নীতি বিভাগ  
নীতি শাখা-১।

সূত্র: বিআরপিডি(পি-১)/৬৬১/(১৩)/২০২০-৩৫৯৫

তারিখ: ১৪ মে ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-১৯)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক  
প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮, ১৩ এপ্রিল ২০২০ তারিখে  
জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার-০১ এবং ০৫ মে ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৬ এর প্রতি  
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব  
মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবিতকরণ, শ্রমিক-কর্মচারীদের কাজে বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার  
সক্ষমতা অক্ষুণ্ন রাখার নিমিত্ত শিরোনামোক্ত সার্কুলার দুটির মাধ্যমে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টর এবং সিএমএসএমই  
প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ষোল্ল সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে যথাক্রমে ৩০ হাজার কোটি  
এবং ২০ হাজার কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের নির্দেশনা জারি করা হয় এবং অপেক্ষাকৃত বেশি ক্ষতিগ্রস্ত  
প্রতিষ্ঠানকে অগ্রাধিকার (Priority) দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।

৩। স্মর্তব্য যে, ডিওএস সার্কুলার লেটার নং-১৬ এর ৪নং অনুচ্ছেদে অন্যান্য বিষয়ের মধ্যে বিভিন্ন প্রণোদনা  
প্যাকেজের আওতাধীন কার্যক্রম এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ মঞ্জুর ও বিতরণ কার্যক্রম  
সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়।

৪। বিভিন্ন সেক্টর হতে এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, ব্যাংকসমূহের বিভিন্ন শাখায় ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ উক্ত  
প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণের আবেদন করলেও ব্যাংক শাখাসমূহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে না।  
এমন কি কোন কোন শাখা গ্রাহকের নিকট হতে আবেদনপত্র গ্রহণে অনিহা প্রকাশ করছে, এতে বর্ণিত প্যাকেজ প্রণয়নের মূল  
উদ্দেশ্য ব্যাহত হচ্ছে যা কোনভাবেই কাম্য নয়। এতদ্ব্যতীত কিছু কিছু ক্ষেত্রে আলোচ্য প্যাকেজসমূহের আওতায় ঋণ/বিনিয়োগ  
সুবিধা মঞ্জুরী/অনুমোদন প্রদানে ব্যাংকসমূহ অধিক সময় নিচ্ছে মর্মেও অভিযোগ রয়েছে।

৫। এমতাবস্থায়, বর্ণিত প্যাকেজের আওতায় ক্ষতিগ্রস্ত প্রচ্ছন্ন (deemed) রপ্তানি শিল্পে নিয়োজিত গ্রাহক/প্রতিষ্ঠানসহ  
শিল্প, সার্ভিস ও সিএমএসএমই প্রতিষ্ঠানসমূহ যাতে ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণপূর্বক দ্রুত উৎপাদন ও সেবা/ব্যবসা  
গুরু/পরিচালনা করতে পারে সে লক্ষ্যে জরুরী ভিত্তিতে ঋণ মঞ্জুরী ও বিতরণের সকল পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে  
অনুরোধ জানানো যাচ্ছে।

৬। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মকবুল হোসেন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন : ৯৫৩০২৬৮